ঢাকা ওয়াসা

১। সাপাশো(রক্ষণাবেক্ষণ) বিভাগের ২০২৫-২৬ইং অর্থবছরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার কপি।
২। মেইন ট্রান্সমিশন নেটওয়ার্কে বিদ্যমান লাইভ ড্যাশবোড এর ছবি।
৩। পূর্বের অনুমোদিত দরের কপি।
৪। টেকনিক্যাল স্পেসিফিকেশন এর কপি।
৫। প্রাক্কলনের কপি।

বিষয়ঃ Supply of Spare Parts for e-PRV, Flow Meter, RTU and SCADA System of SWTP Water Transmission Network.

১.০। সংযুক্ত ক্রমিক নং-০১ হতে ০৫ পর্যন্ত অনুগ্রহ পূর্বক দেখা যেতে পারে। সা.পা.শো. ফেজ-১ ও ২ হতে প্রতিদিন প্রায় ৪৫ কোটি লিটার এর অধিক পরিশোধিত পানি ঢাকা মহানগরবাসীদের নিকট সরবরাহ করা হয়। সায়েদাবাদ পানি শোধনাগার ফেজ-১ ও ফেজ-২ এর প্রায় ৪৬ কিলোমিটার পানির মেইন ট্রান্সমিশন নেটওয়ার্কে বিভিন্ন ভালভ চেম্বার (ARV, PRV, BV, GV & WOV) বিদ্যমান রয়েছে। যা রক্ষণাবেক্ষণ ও পরিচালন সা.পা.শো. (রক্ষণাবেক্ষণ) বিভাগ হতে করা হয়ে থাকে। সা.পা.শো. এর Transmission Network এ মোট ৪১ টি ম্যানুয়াল PRV এবং Flow meter পরিবর্তন করে সেখানে e-PRV এবং e-Flow meter স্থাপন করা হয়েছে। এর ফলে বিভিন্ন Nodal Point এর status (Flow, Pressure), real time monitoring করা যাচ্ছে এবং প্রয়োজন অনুযায়ী Remotely, Nodal Point এর flow এবং Pressure Control করা হচ্ছে। ২০১৭ সালে নোড-এসটি-২২ ডিএমসি বুয়েট কর্নার ২৫০ মিঃমিঃ ডায়ার প্রথম e-PRV Piloting কাজ করা হয় এবং পরবর্তিতে ধারাবাহিক ভাবে মোট ৪৮টি e-PRV এবং e-Flow meter স্থাপন করা হয়েছে। যার মধ্যে ৩৯টি e-PRV এবং e-Flow meter স্থাপনের সময়কাল চার /পাঁচ বছরেরও অধিক হয়েছে । আলোচ্য e-PRV এবং e-Flow meter এর ঠিকাদারের ওয়ারেন্টি পিরিয়ড ইতিমধ্যে শেষ হয়েছে। ওয়ারেন্টি পিরিয়ডে e-PRV এবং e-Flow meter এর বিভিন্ন স্পেয়ার পার্টস ত্রুটিযুক্ত হয়। যা ঠিকাদার কর্তৃক ওয়ারেন্টি সার্ভিস হিসেবে বিনামূল্যে ত্রুটিযুক্ত স্পেয়ার পার্টস পরিবর্তন করে e-PRV এবং e-Flow meter সচল রাখা হয়। বর্তমানে e-PRV সমূহের বিভিন্ন স্পেয়ার পার্টস ত্রুটি পরিলক্ষিত হওয়ায় স্পেয়ার পার্টস সমূহ পরিবর্তন করা জরুরি । পানির সরবরাহ স্বাভাবিক রাখা এবং Real time monitoring এর জন্য জরুরি ভিত্তিতে স্পেয়ার পার্টস সমূহ সংগ্রহ করা প্রয়োজন।

২.০। আলোচ্য কাজটি বাস্তবায়নের লক্ষে পূর্বের অনুমোদিত দরের ভিত্তিতে “দাপ্তরিক প্রাক্কলন” উপস্থাপন করা হল। উপস্থাপিত প্রাক্কলন দাঁড়িয়েছে মোট টাঃ ২৪,৯৮,৩৮২.০৯৮ (চব্বিশ লক্ষ আটানব্বই হাজার তিনশত বিরাশি দশমিক শূন্য নয় আট) টাকা মাত্র। ঢাকা ওয়াসার প্রচলিত DoFP অনুযায়ী, উপস্থাপিত প্রাক্কলন অনুমোদনের আর্থিক ক্ষমতা প্রধান প্রকৌশলী, ঢাকা ওয়াসা,মহোদয়ের এখতিয়ার ভুক্ত। উক্ত কাজের ব্যায়ভার সায়েদাবাদ পানি শোধনাগার রক্ষণাবেক্ষণ বিভাগের ২০২৫-২৬ ইং অর্থবছরের বরাদ্দকৃত রাজস্ব বাজেটের Spare Parts (Water & Sewer Treatment Plant) (কোড নং-০১-০৪-০২৫) খাত হতে নির্বাহ করা যেতে পারে।

৩.০। ২০২৫-২৬ ইং অর্থ বছরের অনুমোদিত বার্ষিক কর্ম পরিকল্পনায় বিষয়ভুক্ত কাজটি ই-জিপি পোর্টালের মাধ্যমে উন্মুক্ত দরপত্র (OTM) পদ্ধতিতে সম্পাদনের অনুমোদন রয়েছে। আলোচ্য কাজটি অনুমোদিত বার্ষিক কর্ম পরিকল্পনার ক্রমিক নং-১৬৬ এবং প্যাকেজ নং-G-30 তে অন্তর্ভূক্ত রয়েছে। সরবরাহ কাজটি পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮ এর ৬১ (১) ধারা অনুসারে ই-জিপি পোর্টালের মাধ্যমে উন্মুক্ত দরপত্র পদ্ধতিতে দরপত্র আহ্বান ও সম্পাদনের লক্ষ্যে CPTU কর্তৃক প্রণীত STD PG-2 অনুসরন করে দরপত্র দলিল প্রনয়ন করা হবে। প্রণীত দরপত্র দলিলে কার্যক্রয়কারী হিসেবে নির্বাহী প্রকৌশলী, সায়েদাবাদ পানি শোধনাগার(রক্ষনাবেক্ষন) বিভাগ উল্লেখ করা হবে। ক্রয়কারী কর্তৃক দরপত্র দলিল প্রনয়ন, দরপত্র আহ্বান, কার্য সম্পাদন নোটিশ জারী (NOA), চুক্তি সম্পাদন ও চুক্তি ব্যবস্থাপনা সংক্রান্ত সকল কার্যক্রম সম্পাদন করা হবে।

৪.০। এমতাবস্থায়, উপর্যুক্ত অনুচ্ছেদ-১.০ হতে ৩.০ পর্যন্ত বর্ণনালোকে Supply of Spare Parts for e-PRV, Flow Meter, RTU and SCADA System of SWTP Water Transmission Network.শীর্ষক সরবরাহ কাজটি সম্পাদনের লক্ষ্যে নিম্নবর্নিত প্রস্তাবসমুহ অনুমোদন করা যেতে পারে।

ক) উল্লেখিত কাজটি পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮ এর চতুর্থ অধ্যায় অংশ-১ এর ৬১(১) ধারা অনুযায়ী ই-জিপি পোর্টালের মাধ্যমে উন্মুক্ত দরপত্র পদ্ধতি (OTM) এ ই-জিপি পোর্টাল এর মাধ্যমে দরপত্র আহ্বানের অনুমোদন।

খ) উপস্থাপিত দাপ্তরিক প্রাক্কলন মোট টাঃ ২৪,৯৮,৩৮২.০৯৮ (চব্বিশ লক্ষ আটানব্বই হাজার তিনশত বিরাশি দশমিক শূন্য নয় আট) টাকা মাত্র এর অনুমোদন।

গ) আলোচ্য ক্রয় সংক্রান্ত ব্যয় Spare Parts (Water & Sewer Treatment Plant) (কোড নং-০১-০৪-০২৫) খাত হতে নির্বাহের অনুমোদন।

উল্লেখ্য যে, উপর্যুক্ত প্রস্তাবনাসমুহ অনুমোদনের ক্ষমতা প্রধান প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।

২৪/০৭/২০২৫
সুব্রত কুমার দেব
উপ-সহকারী প্রকৌশলী
সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)
ঢাকা ওয়াসা।

২৪/৭/২৫
মোঃ মশিউর রহমান ভূঞা
সহকারী প্রকৌশলী
সাঃ পাঃ শোঃ (রক্ষণাবেক্ষণ)
ঢাকা ওয়াসা।

24-07-25
রাজীব আহমেদ
নির্বাহী প্রকৌশলী
সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)
ঢাকা ওয়াসা।

SE, (WSTP-e)

/07.25
মির্জা গোলাম কিবরিয়া
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
পাওপুশো সার্কেল, ঢাকা ওয়াসা।

অনু মোদিত

প্রকৌশলী মোঃ আব্দুস সালাম ব্যাপারী
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা